Any queries/clarifications in this regard may be addressed to: **DSP ASSET MANAGERS PRIVATE LIMITED** CIN: U65990MH2021PTC362316, Investment Manager for DSP Mutual Fund ('Fund'), The Ruby, 25th Floor, 29, Senapati Bapat Marg, Dadar (West), Mumbai – 400028, Tel. No.: 91-22-66578000, Fax No.: 91-22 66578181, Toll Free No: 1800 200 4499 Website: www.dspim.com

Unit holders are requested to update their PAN, KYC, email address, mobile number, nominee details with AMC and are also advised to link their PAN with Aadhaar Number. Further, Unit holders can view the Investor Charter available on website of the Fund as well as check for any unclaimed redemptions or Income Distribution cum Capital Withdrawal ('IDCW') payments.

Place: Mumbai
Date: August 24, 2025

Mutual Fund investments are subject to market risks, read all scheme related documents carefully.

খড়্গপুরে চাকরির দাবিতে জমিদাতাদের মিছিলে হাঁটবেন নওশাদ ও বিকাশ

সুমনকুমার দাস, খড়্গপুর : খড়্গপুর শহরের উপকণ্ঠে গড়ে ওঠা বিদ্যাসাগর শিল্পতালুকে জমিদাতা পরিবারের অনেক সদস্যই এখনও চাকরি পাননি। চাকরির দাবিতে এবার তাঁরা মিছিল করতে চলেছেন। ২৮ আগস্ট শিল্পতালুক চত্বরে ওই মিছিলে যোগ দেবেন আইএসএফ বিধায়ক নওশাদ সিদ্দিকী, বিশিষ্ট আইনজীবী তথা সাংসদ বিকাশরঞ্জন ভট্টাচার্য সহ সুশীল সমাজের কিছু পরিচিত মুখ। তাঁরা জমিদাতাদের স্থায়ী কর্মসংস্থানের দাবি জানাবেন। রবিবার ট্রাফিক গোলখুলি দুর্গামন্দিরে সাংবাদিক বৈঠক করে একথা জানিয়েছে বিদ্যাসাগর ইন্ডাস্ট্রিয়াল পার্ক জমিদাতা যৌথ সংগ্রাম কমিটি। সংগঠনের সভাপতি মিহির পাহাড়ি বলেন, 'শিল্পতালুকে এক নামকরা শিল্প গোষ্ঠীর রঙ কারখানা ও ১টি

গ্যাস বটলিং কারখানায় প্রতিশ্রুতি মতো জমিদাতা পরিবারগুলোর সদস্যদের চাকরি হয়নি। প্রায় ২ দশক আগে রাজ্য শিল্পোন্নয়ন নিগম জমিদাতা পরিবারের একজনকে চাকরি দেওয়া হবে এই শর্তে জমি নিয়েছিল। কর্মপ্রার্থীদের মধ্যে বি টেক, আইটিআই ডিপ্লোমা, এমএ, এমএসি এমন শিক্ষিত যুবারা থাকলেও কারখানা কর্তৃপক্ষ বহিরাগতদের নিয়োগ করছে। মহকুমাশাসক, জেলাশাসক, পুলিশসুপার, খড়্গপুর ও পিংলার ২ বিধায়ক, ডেপুটি লেবার কমিশনারকে বারবার জানানো হলেও কোনো সুরাহা হয়নি। মহকুমাশাসকের উচিত ত্রিপাক্ষিক বৈঠক করে এই জট কাটানো। ২৮ আগস্ট জমিদাতাদের পাশে থাকতে নওশাদ সিদ্দিকী ও বিকাশ ভট্টাচার্য মিছিলে উপস্থিত থাকবেন।' সংগঠনের কার্যকরী সভাপতি বিপ্লব ভট্ট বলেন, 'বিদ্যাসাগর শিল্পতালুকের বিভিন্ন কারখানায় কাজ করছেন তাঁদের মধ্যে ৭০% জমিদাতা নন। রাজ্যে তৃণমূল সরকার গড়ার পর সেভাবে এখানে শিল্প সংস্থা আসেনি। এখনও অনেক জমি খালি পড়ে রয়েছে। প্রতিশ্রুতি অনুযায়ী জমিদাতাদের চাকরি দেওয়া হয়নি। ২৮ আগস্ট কর্মপ্রার্থীদের নিয়ে মিছিল হবে। পুলিশ অনুমতি না দিলে আদালতের নির্দেশে মিছিল হবে।' উল্লেখ্য, বামফ্রন্ট আমলে শিল্প তালুকের জন্য খড়্গপুর গ্রামীণের ১ ও ২ নম্বর ব্লক ও পুরসভা এলাকার বড়াডিহা, রূপনারায়ণপুর, জিজারপুর, রুইসন্ডা, জফলা, ঘোলাগেড়িয়া, কাজীচক, ইন্দা, চকগণেশ প্রভৃতি মৌজায় জমি অধিগ্রহণ হয়েছিল।

শ্যামনগর মূলাজোড় কালীবাড়ি মাঠ বিক্রির চক্রান্তের বিরুদ্ধে বিক্ষোভ

প্রতীতি ঘোষ, বারাকপুর : শ্যামনগর মূলাজোড় কালীবাড়ি মাঠ বিক্রির চক্রান্তের বিরুদ্ধে শ্যামনগর নাগরিক মঞ্চ বিক্ষোভ দেখায়। এই কালীবাড়ি যাঁরা তৈরি করেছিলেন সেই রাজা বা রানির পরিবারের বিশাল সম্পত্তি এখনো ছড়িয়ে রয়েছে গঙ্গা তীরবর্তী এই কালীবাড়ির আনাচেকানাচে। মন্দিরের লাগোয়া বাজার, দোকান, খেলার বিশাল মাঠ রয়েছে। স্থানীয়দের অভিযোগ, এবার জমি হাঙরদের নজর পড়েছে এই দেবত্ত সম্পত্তিতে। অথচ রাজার আমল থেকেই শ্যামনগর মূলাজোড় কালীবাড়ি ট্রাস্ট মন্দির চত্বরের এক বিস্তীর্ণ অঞ্চলের মালিকানা প্রাচীন সময় থেকেই নিজেদের কাছে রেখেছে। সেই সম্পত্তির অধীন শ্যামনগর কালীবাড়ির খেলার মাঠটি

বিক্রির চক্রান্ত হচ্ছে বলে অভিযোগ তুলে সরব হয়েছেন স্থানীয় বাসিন্দারা। রাতের অন্ধকারে মাঠের মাপজোক হচ্ছে। এদিন এর বিরোধিতা করে শ্যামনগরে বিক্ষোভ দেখান এলাকার বাসিন্দারা। এই মাঠটি বাঁচানোর তাগিদে শ্যামনগর নাগরিক মঞ্চ সংগঠনের নামে এলাকার বাসিন্দারা একজোট হন। তাঁদের দাবি, এই মাঠে ছোট ক্রিকেট অ্যাকাডেমি রয়েছে। সেই সঙ্গে ফুটবল শেখানোরও ব্যবস্থা আছে এই মাঠে। অথচ কোনো এক অসাধুচক্র এই মাঠ বিক্রি করার পরিকল্পনা করছে। তাই সেসব অসাধু চক্রের বিরুদ্ধে মাঠ বিক্রি হওয়ার পরিকল্পনাকে রুখতে শ্যামনগরের সাধারণ মানুষরা রাস্তায় নেমেছেন। মন্দির কর্তৃপক্ষ এই মাঠকে রাতারাতি বিক্রি করে দেওয়ার ছক কষছে বলে অভিযোগ। স্থানীয় বাসিন্দারা তাতে রাজি নন। তারা মন্দির কর্তৃপক্ষ বা মন্দির প্রতিষ্ঠাতা রাজা বা রানির পরিবারের সঙ্গে আলোচনায় বসতে রাজি। যদিও মন্দিরের প্রধান পুরোহিত নিমাই চট্টোপাধ্যায় বলেন, 'আগে ওই এলাকায় কোনো মাঠ ছিল না। বসবাসের জন্য রাজবাড়ি, কাছারি বাড়ি, টোল ছিল যা সময়ের সঙ্গে নষ্ট হয়ে গেছে। মন্দির ও তার আশেপাশের অনেক এলাকা এখনো ব্যক্তিগত সম্পত্তি হিসেবে রয়েছে। তবে কোনো কিছু বিক্রি করার কথা জানি না। আমিও ঘটনাটি শুনেছি। কোন এক অসাধুচক্র এই বিষয়ে উস্কানি দিচ্ছে। মন্দিরের পৈত্রিক জমি ওই মাঠ।'

আসানসোলে বাংলা পক্ষর মিছিল

নিজস্ব সংবাদদাতা, আসানসোল : রবিবার বিকেলে অন্য রাজ্যে বাঙালিদের ওপর অত্যাচারের প্রতিবাদে আসানসোলে বাংলা পক্ষের পশ্চিম বর্ধমান জেলার উদ্যোগে আসানসোল সিটি বাস স্ট্যান্ড থেকে এক মিছিলের উদ্যোগ নেওয়া হয়। বাংলা পক্ষের সাধারণ সম্পাদক গর্গ চট্টোপাধ্যায়, আসানসোলের সাংগঠনিক সম্পাদক কৌশিক মাইতি পশ্চিম বর্ধমান জেলার সভাপতি অক্ষয় বন্দ্যোপাধ্যায় সহ আরো অনেকে এদিন এই মিছিল আশ্রম মোড়ে গিয়ে শেষ হয়। এদিনের এই প্রতিবাদ মিছিল থেকে গর্গ চট্টোপাধ্যায় বলেন, 'দেশের নানা প্রদেশ, রাজ্যে বাঙালিদের ওপর যে নিপীড়ন চলছে তার প্রতিবাদে ও বাংলার বুকে সব চাকরির জায়গায় বাঙালিদের ও জনপ্রতিনিধি, বিধায়ক থেকে সাংসদ সব বাঙালি হওয়ার দাবিতে এই মিছিলের আয়োজন।'

সালানপুরে কৃষক সভার সম্মেলন

নিজস্ব সংবাদদাতা, সালানপুর : রবিবার সারা ভারত কৃষক সভার পশ্চিম বর্ধমান জেলা সংগঠনের পক্ষ থেকে সালানপুর ব্লকের আছড়া পঞ্চায়েতের এক বেসরকারি প্রেক্ষাগৃহে ৪১তম সম্মেলন শুরু হয়। যেখানে কেন্দ্রীয় কমিটির সদস্য প্রয়াত মদন ঘোষ ও প্রয়াত মহাদেব মান্নার স্মরণে মঞ্চ করা হয়। এদিনের সভায় বিশিষ্টদের মধ্যে ছিলেন কৃষক সভার রাজ্য সম্পাদকমণ্ডলীর সদস্য সতীনাথ রায় ও বীরভূমের জেলা সম্পাদক অরূপ বাগ ও পশ্চিম বর্ধমান জেলার নানা ব্লক স্তরের নেতা ও কর্মীরা ছিলেন। এদিনের এই সম্মেলনে মূলত, কেন্দ্রীয় সরকারের কৃষিনীতি ও কৃষকের সরঞ্জামের ওপর ভর্তুকি তুলে নেওয়া সহ সারের দাম বাড়ানো ও কৃষিজ পণ্যের বাজারজাত করার ক্ষেত্রে প্রকৃত দাম পাওয়ার বিষয় আলোচনায় উঠে আসে।

কানাডায় পাড়ি দিল দুর্গা প্রতিমা

বিপুন ভট্টাচার্য, বর্ধমান : রবিবার বর্ধমান থেকে কানাডার অন্টারিও-তে দুর্গা প্রতিমা পাড়ি দিল। বর্ধমানের শিল্পী সিদ্ধার্থ পাল ও স্ত্রী তন্দ্রা পাল গত কয়েকদিন ধরে দিনরাত খেটে প্রায় আড়াই কেজি ওজনের, ৪-৬ মিলিমিটার মোটা ফাইবার গ্লাসের তৈরি এই ৩০ ইঞ্চি চওড়া ও ২০ ইঞ্চি উচ্চতার দুর্গাপ্রতিমা গড়ে তোলেন। শিল্পী সিদ্ধার্থ পাল জানান, 'নদিয়ার শান্তিপুরে আমার এক আত্মীয় কানাডায় পোশাক রফতানি করেন। ওই আত্মীয়ের কাছ থেকে কানাডার যে পোশাক ব্যবসায়ীরা মাল নেন তাঁরা কয়েকজন মিলেই এবছর প্রথমবার এই পুজো করবেন। দেরিতে কাজটা এসেছে। ২০-২৫ দিন আগে কাজ শুরু করে শেষ করে দিয়েছি। দূরের কাজ পেয়েছি বলে অন্য কাজ বন্ধ করে এই কাজটা শেষ করা হয়। নাহলে এধরনের কাজ শেষ করতে এক-দেড় মাস সময় লাগে। মাটির মূর্তি করে তা প্লাস্টার প্যারিসের ছাঁচ বা ডাইস করে তারপর ফাইবার গ্লাস ঢেলে মূর্তি করা হয়। রবিবারই এটা প্যাকিং করে ক্যুরিয়ারের মাধ্যমে কানাডার উদ্দেশ্যে পাঠানো হয়। কানাডায় পৌঁছোতে প্রায় ১০ দিন সময় লাগবে।' উল্লেখ্য, সিদ্ধার্থ পাল পশ্চিমবঙ্গের বেশিরভাগ জেলায় কাজ করেছেন। তবে বিদেশে দুর্গা প্রতিমা পাঠানো এই প্রথম। তিনি বলেন, '৫-৬ বছর আগে নরওয়েতে লক্ষ্মী ও সরস্বতী আর ১৫ বছর আগে আমেরিকায় শিব পাঠিয়েছিলাম।'

জামালপুরে তৃণমূল প্রধানের স্বামীর বিরুদ্ধে সন্ত্রাসরাজ চালানোর অভিযোগ

নিজস্ব সংবাদদাতা, বর্ধমান : পূর্ব বর্ধমানের জামালপুরে তৃণমূলের ২ গোষ্ঠীর অভিযোগ পালটা অভিযোগে ব্যাপক শোরগোল পড়ে গেছে। এব্যাপারে তৃণমূল পরিচালিত পঞ্চায়েত প্রধানের স্বামী শেখ ফিরোজের বিরুদ্ধে জেলা পুলিশসুপারের কাছে সন্ত্রাস, অত্যাচার, জুলুমবাজি চালানোর অভিযোগ জানান বেরুগ্রামের বাসিন্দারা। তাঁদের অভিযোগ, নিজেকে রাজ্যের প্রভাবশালী নেতা, বিধায়ক, সাংসদ ও মন্ত্রীদের ঘনিষ্ঠ বলে দাবি করে শেখ ফিরোজ। তৃণমূল কংগ্রেস নেতা শেখ ফিরোজের বাড়ি বেড়ুগ্রাম অঞ্চলের চক্ষণজাদী গ্রামে। তাঁর স্ত্রী হাসনারা বেগম ২০১৮ সাল থেকে একটানা বেরুগ্রাম পঞ্চায়েতের প্রধান পদে রয়েছেন। গ্রামবাসীদের অভিযোগ, স্ত্রী পঞ্চায়েত প্রধান হওয়ার পর থেকেই ফিরোজ নিজেকে বেরুগ্রাম অঞ্চলের 'বেতাজ বাদশা' মনে করতে শুরু করেন। এলাকায় সন্ত্রাস চালাতে তিনি এক বাহিনীও গড়ে তুলেছেন। গত বিধানসভা ভোটে জিতে তৃণমূল দল ফের রাজ্যে ক্ষমতায় এলে ফিরোজ আরও বেপরোয়া হয়ে ওঠে বলে অভিযোগ। জেলা পুলিশসুপারকে বেরুগ্রাম অঞ্চলের বাসিন্দারা জানান, সন্ত্রাস, অত্যাচার ও লুঠপাট চালিয়ে শেখ ফিরোজ প্রচুর সম্পত্তির অধিকারী হয়েছেন। বর্গাদারের জমি কেড়ে নেওয়া থেকে শুরু করে চক্ষণজাদী গ্রামের মসজিদ ও স্কুলের সম্পত্তি পর্যন্ত ফিরোজ জবর দখল করে নিয়েছেন। মসজিদ তহবিলের অর্থ হাতিয়ে নেওয়া সহ মসজিদের জমিতে জিম সেন্টার গড়ে তোলার অভিযোগ উঠেছে ফিরোজের বিরুদ্ধে। যদিও শেখ ফিরোজ তাঁর বিরুদ্ধে ওঠা সব অভিযোগ অস্বীকার করে পালটা তৃণমূলের অঞ্চল সভাপতিকেই কাঠগড়ায় তুলেছেন। ফিরোজ বলেন, 'বেরুগ্রাম অঞ্চল তৃণমূলের সভাপতি শেখ সাহাবুদ্দিন ওরফে দানি ২০১৩ সালের আগে গ্রামে গ্রামে ঘুরে কাচ ভাঙা, লোহা ভাঙা কিনতেন। ২০১৩ সালে তৃণমূল কংগ্রেস দলে যোগ দিয়ে ওই দানি নানা অনৈতিক উপায়ে অর্থ রোজগার করা শুরু করে। দামোদরে অবৈধ খাদান খুলে বালি চুরি করাতেও দানি হাত পাকিয়ে ফেলে। লুটের সাম্রাজ্য চালিয়েই দানি এখন কোটি কোটি টাকার সম্পত্তি। দানির নানা অনৈতিক কাজের প্রতিবাদ করার জন্য বদলা নিতে পরিকল্পনা করে এলাকার লোকজনকে আমার বিরুদ্ধে খেপিয়ে তোলে। তাঁদেরকে দিয়েই দানি আমার বিরুদ্ধে প্রশাসনের কাছে মিথ্যা অভিযোগ জমা করিয়েছেন।' এদিকে, এব্যাপারে তৃণমূল কংগ্রেসের জেলা সভাপতি রবীন্দ্রনাথ চট্টোপাধ্যায় বলেন, 'আমার কাছে এরকম অভিযোগ আসলে দল যথাযথ ব্যবস্থা নেবে। বিষয়টি নিয়ে খোঁজখবর নিচ্ছি।'

দাদপুরে স্ত্রীকে পিটিয়ে খুন, পলাতক স্বামী

অমিত চৌধুরী, হুগলি : জেলে যখন যেতেই হবে, তোকে মেরেই যাব। ফোন করে বলেছিল স্বামী! ভয় পেয়ে আত্মীরের বাড়ি চলে যাচ্ছিলেন গৃহবধূ মনজুরা খাতুন (২৮)। শেষরক্ষা হয়নি। হুগলির দাদপুর থানার বিলাতপুর এলাকায় রাস্তাতেই স্ত্রীকে পিটিয়ে মারার অভিযোগ উঠেছে রজব আলির বিরুদ্ধে। জানা গেছে, সিঙ্গুরের পায়ড়াউড়া গ্রামে বাড়ি রজব আলির। স্ত্রী মনজুরা খাতুনের সঙ্গে তার অশান্তি চলত। মনজুরার দাদা শেখ রফিকের অভিযোগ, '১৫ দিন আগে ভদ্রেশ্বর থানায় বধূ নির্যাতনের মামলা দায়ের করে বোন। এরপরই রজব বোনকে ফোন করে জানায় ঝামেলা মিটিয়ে নিয়ে আবার তারা সংসার করবে। সেইমতো মনজুরা শ্বশুরবাড়িতে চলে যায়। ২ দিন আগে ভদ্রেশ্বরের শ্বেতপুর পুলিশ ফাঁড়ি থেকে ফোন করে রজবকে দেখা করতে বলে। এরপর শনিবার রাত ১১টা নাগাদ রজব বোনকে ফোন করে বলে জেলে যখন যেতেই হবে তোকে মেরে তবেই যাব। ভয় পেয়ে মনজুরা ২ সন্তান ও এক প্রতিবেশী মহিলাকে নিয়ে হারিট গ্রামপঞ্চায়েতের জেটে গ্রামে মামার বাড়িতে যাওয়ার জন্য বেরিয়ে পড়ে। বিলাতপুরের কাছে তাঁকে ধরে ফেলে রজব। মনজুরা সেখান থেকে দৌড়ে পালিয়ে যাওয়ার চেষ্টা করলে তাঁকে তাড়া করে ধরে লাঠি দিয়ে পিটিয়ে মারা হয়।' মনজুরার সঙ্গে থাকা ওই মহিলা ফোন করে বাপেরবাড়ির লোকদের খবর দেন। রাতে গিয়ে পুলিশ মৃতদেহ উদ্ধার করে। দাদপুর থানার পুলিশ খুনের মামলার রুজু করে তদন্ত শুরু করেছে। ঘটনার পর থেকে পলাতক রয়েছে অভিযুক্ত রজব আলি।

জগৎবল্লভপুরে প্রৌঢ়ার অস্বাভাবিক মৃত্যু

ভাস্কর বিশ্বাস, হাওড়া : হাওড়ার জগৎবল্লভপুর থানা এলাকার কমলাপুর সাঁতরা পাড়ায় জয়ন্তী সাঁতরার (৫০) অস্বাভাবিক মৃত্যুর ঘটনা ঘটে। শনিবার রাতে ওই মহিলাকে স্থানীয় এক পুকুরের জলে ভেসে থাকতে দেখেন এলাকার বাসিন্দারা। ওই পাড়াতেই বাড়ি মৃত মহিলার। জানা গেছে, শনিবার বিকেল ৫টা নাগাদ বাড়ির পাশেই পুকুরের কাছে তাঁকে নারকেল কুড়োতে দেখা গিয়েছিল। এরপর দীর্ঘ সময় কেটে গেলেও তিনি ঘরে ফেরেননি। পরিবারের লোকরা খোঁজাখুঁজি শুরু করেন। বেশ কয়েক ঘণ্টা খোঁজাখুঁজির পর তাঁর দেহ পুকুরে ভাসতে দেখা যায়। এলাকার বাসিন্দাদের পক্ষ থেকে পুলিশকে খবর দেওয়া হয়। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছোয় জগৎবল্লভপুর থানার পুলিশ। তাঁরাই দেহটি উদ্ধার করে জগৎবল্লভপুর গ্রামীণ হাসপাতালে নিয়ে গেলে ডাক্তাররা মৃত বলে জানান। দেহটি ময়নাতদন্তে পাঠিয়েছে পুলিশ। ঘটনার তদন্ত শুরু হয়েছে। এটি খুন নাকি নিছক দুর্ঘটনার জেরে ওই প্রৌঢ়ার মৃত্যু হয়েছে তা খতিয়ে দেখছে পুলিশ।

বৃষ্টি আর দামোদরে জল ছাড়ায় বাঁধ ভাঙন

নিজস্ব সংবাদদাতা, বর্ধমান : গত প্রায় ২ মাস ধরে লাগাতার বৃষ্টি ও দামোদরে জল ছাড়ার ঘটনায় ধুয়ে মুছে সাফ হয়ে গেল দামোদরের গৈতানপুর চরমানা এলাকার দামোদরের বাঁধ নির্মাণ। কয়েকবছর আগে এই চরমানা এলাকার দামোদরের ভাঙন ঠেকাতে তারের জাল বেঁধে বড়ো বোল্ডার দিয়ে পাড় বাঁধানো হয়। সম্প্রতি সেই নির্মিত বাঁধের পাড় বাঁধাই ধুয়ে মুছে সাফ হয়ে যেতে শুরু করেছে। ফলে ফের বিঘের পর বিঘে জমি দামোদরের গর্ভে যেতে শুরু করেছে। এই ঘটনায় নতুন করে আতঙ্ক তৈরি হয়েছে বর্ধমানের খণ্ডঘোষ ব্লকের শশঙ্গা গ্রামপঞ্চায়েতের এই দামোদরের গৈতানপর চরমানা এলাকায়। এলাকার এক বাসিন্দা বলেন, প্রত্যেক বছরই পাড় ভাঙছে, এবারও ভাঙছে। আমাদের ৭-৮ বিঘে জমি ছিল, ভেঙে চলে গেছে। অল্প জায়গা আছে। নদী থেকে ১০ ফুট দূরে বাড়ি। পাশে এক পরিবার সন্ধ্যার পর এখানে ঘরে থাকেন না। ভালোভাবে বাঁধ দিতে হবে। বিডিও অফিস থেকে এসে দেখে চলে যাচ্ছে, কিছু বলছে না। দামোদরের পাড় ভাঙতে ভাঙতে আর কিছু থাকবে বলে মনে হয় না।' আরেক বাসিন্দা বলেন, 'বালির বস্তা দিয়ে যে বাঁধ দিয়ে যায় তাতে সমস্যার মোকাবিলা হয় না। ৯১টি ঘর বাংলার বাড়ি প্রকল্পে এখানে পাওয়া গেছে। আশঙ্কা এই ঘরগুলো থাকবে কিনা।' এরইমধ্যে মুখ্যমন্ত্রী বর্ধমানে আসছেন মঙ্গলবার। বাসিন্দারা চেষ্টা করছেন মুখ্যমন্ত্রীর কাছে এই সমস্যা তুলে ধরার।

Name Change

আমি Ranjit Das,S/O, Jaladhar Das, সাং গোপখাঁজী, পোস্ট সুদপুর থানা কাটোয়া জেলা পূর্ব বর্ধমান, ছেলের (Shubhodip Das) S/O Ranjit Das, জন্ম সার্টিফিকেট No 4848, যাহা এসডি হাসপাতাল কাটোয়া কর্তৃক প্রদত্ত, রেকর্ড থাকায় গত 12/2/2005, SDEM কাটোয়া কোর্টের affidavit বলে নাম সংশোধন করে Subhodip Das, S/O Ranjit Das ও Shubhodip Das, S/O Ranjit Das সকলে একই ব্যক্তি বলিয়া সর্বত্র পরিচিত হইল।

Name Change

আমি Khadija khatun, W/O Azim Sk, গ্রাম+পোঃ রাজুর, থানা কেতুগ্রাম, জেলা পূর্ব বর্ধমান, ছেলের নাম (Md Sakibul Hasan), জন্ম সার্টিফিকেট রেজিঃ নং AGP 17/013, আমার নাম Kadija BIBI, W/O Ajim Sk, রেকর্ড থাকায় গত 20/8/25, কাটোয়া SDEM কোর্টে affidavit বলে নাম সংশোধন করে Khadija khatun, Khadija Bibi ও Azim Sk ও Ajim Sk, সকলে একই ব্যক্তি বলিয়া সর্বত্র পরিচিত হইল।

Name Change

I SARADA BEDI, D/O Raghunath Bede, reside P.O. Gadi Porto, Dist Purulia, do hereby declare that in the birth certificate of my son SAYAK BANDOPADHYAY, my name was mentioned as KAKO KAKLEL BANDOPADHYAY insted of SA RADA BEDI, On an affidavit, submitted infront of Executive Magistrate, Purba Bardhaman Court on 20/08/25, I hereby declare that Kok KAKULI BANDOPADHYAY & SARADA BEDI will be considered as one by identical person.

আসানসোল পুরনিগমকে বিঁধলেন জিতেন্দ্র তিওয়ারি

রবীন্দ্রনাথ প্রামাণিক, কুলটি : রবিবার আসানসোল পুরনিগমের কুলটি অঞ্চলের নিয়ামাতপুরে বিজেপির সেন্ট্রাল কার্যালয়ে সাংবাদিক বৈঠক করে কুলটি জলপ্রকল্প সম্পূর্ণ না হওয়া নিয়ে তৃণমূল পরিচালিত আসানসোল পুরনিগমকে আক্রমণ করেন প্রাক্তন মেয়র তথা বিজেপি নেতা জিতেন্দ্র তিওয়ারি। সাংবাদিক বৈঠকে ছিলেন কুলটির বিজেপি নেতা অভিজিৎ আচার্য সহ অন্যান্য স্থানীয় বিজেপি কাউন্সিলররা। এদিন জিতেন্দ্র তিওয়ারি বলেন, 'আমি যখন মেয়র ছিলাম সেসময় প্রতি ঘরে পানীয় জল সরবরাহ প্রকল্পে কেন্দ্রীয় সরকার অম্রুত প্রকল্প শুরু করে। সেই প্রকল্পের অংশীদার হিসাবে আসানসোল পুরনিগম স্থিত কুলটির ৪৩ হাজার মানুষকে জল সরবরাহের জন্যে পশ্চিমবঙ্গের সবচেয়ে বড়ো ও সুন্দর ডিপিআর তৈরি করা হয়। যার মধ্যে অম্লুত ১ প্রকল্পে ২টি দফা ও অম্রুত ২ প্রকল্পে একা দফা কাজের মাধ্যমে কুলটিতে জল প্রকল্পের কাজ শেষ হওয়ার কথা। এর জন্য ২২৫ কোটি টাকা ধার্য করা হয়। এর মধ্যে অম্লুত ১ প্রকল্পে প্রথম দফায় ১৪৩ কোটি টাকা ও দ্বিতীয় দফায় ৮২ কোটি টাকা বরাদ্দ হয়। সেই অর্থে কুলটি অঞ্চলে ১২টি সুউচ্চ জলাধার সহ মাটিরতলায় পাইপলাইন বিছানোর কাজ শুরু হয়। কুলটির জল্পপ্রকল্প নিয়ে কোনোপ্রকার আপোষ করতে আমি রাজি হননি। আমার সময় কালেই প্রথম দফা সম্পূর্ণ হয়ে দ্বিতীয় দফার কাজ শুরু হয়ে যায়। যা সম্পূর্ণ প্রকল্পের ৭৫ ভাগ। অথচ বাকি ২৫ ভাগ কাজ আজ পর্যন্ত শেষ হয়নি। এর ফলে কুলটির বেশিরভাগ মানুষ এখনো পানীয় জল থেকে বঞ্চিত। তৃণমূল পরিচালিত পুরনিগম বিজেপির কাউন্সিলরদের কথাই শুনতে চায় না। কুলটিতে তৃণমূলের প্রতিনিধিদের অভ্যাস রয়েছে রাস্তার ওপর পাইপ পড়ে থাকা দেখিয়ে ভোট আদায় করা। তাই কুলটির জলপ্রকল্প এখনো সাধারণ মানুষের কাছে অধরা। তবে এই প্রকল্পের কাজ শেষ না হলে বৃহত্তর আন্দোলন গড়ে তুলব।'

কেকল্পনা ইন্ডাস্ট্রিজ (ইন্ডিয়া) লিমিটেড

CIN : L19202WB1985PLC039431
রেজিস্টার্ড অফিস : ভাসা, নং- ১৪, পোঃ + থানা- বিষ্ণুপুর, ডায়মন্ড হারবার রোড, দক্ষিণ ২৪ পরগনা- ৭৪৩৫০৩, পশ্চিমবঙ্গ
ফোন : +৯১-০৩৩-৪০৬৪ ৭৮৪৩
ই-মেল : kolkata@kkalpana.co.in, ওয়েবসাইট : www.kkalpanagroup.com

কোম্পানির ৪০তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষ্যে সদস্যদের উদ্দেশ্যে বিজ্ঞপ্তি

কর্পোরেট বিষয়ক মন্ত্রক ("এমসিএ") দ্বারা জারি ০৫.০৫.২০২০ তারিখের জেনারেল সার্কুলার নং ২০/২০২০, ২৫.০৯.২০২৩ তারিখের জেনারেল সার্কুলার নং ০৯/২০২৪ (এখানে একত্রে "এমসিএ সার্কুলার" বলে উল্লেখ করা হচ্ছে) এবং সিকিওরিটি অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (সেবি) -এর ১২.০৫.২০২০ তারিখের সার্কুলার নং - সেবি/এইচও/সিএফডি/সিএমডি১/সিআইআরপি/২০২০/৭৯ ও ০৩.১০.২০২৪ তারিখের সার্কুলার নং - সেবি/এইচও/ সিএফডি /সিএফডি-পিওডি-২/পি/সিআইআর/২০২৪/১৩৩ (সম্মিলিতভাবে "সেবি সার্কুলারস" হিসাবে উল্লিখিত) অনুযায়ী কোম্পানির বার্ষিক সাধারণ সভা (এজিএম) ভিডিও কনফারেন্সিং ("ভিসি") / অন্যান্য অডিও-ভিস্যুয়াল মাধ্যম ("ওএভিএম") এর মাধ্যমে কোনো শারীরিক উপস্থিতি ছাড়াই একটি সাধারণ স্থানে অনুষ্ঠিত হবে। কোম্পানীজ অ্যাক্ট ২০১৩ ("দ্য অ্যাক্ট") সহ দ্য সিকিওরিটিস অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ (সেবি লিস্টিং রেগুলেশনস) এবং এমসিএ সার্কুলার অনুযায়ী কোম্পানীর ৪০তম এজিএম ভিসি /ওএভিএম মাধ্যমে মঙ্গলবার ২৩ সেপ্টেম্বর, ২০২৫ তারিখে সকাল সাড়ে ১১টায় (ভারতীয় সময়) অনুষ্ঠিত হবে। ৪০তম এজিএম-এর প্রস্তাবিত সভা কোম্পানির রেজিস্টার্ড অফিস তথা ভাসা, নং- ১৪, পোঃ + থানা- বিষ্ণুপুর, ডায়মন্ড হারবার রোড, দক্ষিণ ২৪ পরগনা- ৭৪৩৫০৩, পশ্চিমবঙ্গ-এ অনুষ্ঠিত হবে।

এছাড়াও কোম্পানীর রেজিস্টার অফ মেম্বারস ও শেয়ার ট্রান্সফার বুকস বুধবার ১৭ সেপ্টেম্বর, ২০২৫ থেকে মঙ্গলবার ২৩ সেপ্টেম্বর, ২০২৫ (দুটি দিনই অন্তর্ভুক্ত (বুক ক্লোজারের তারিখ) পর্যন্ত বন্ধ থাকবে। এজিএম-এ অংশগ্রহণ করার যোগ্যতা নির্ধারণের কাট-অফ তারিখ হল ১৬ সেপ্টেম্বর, ২০২৫।

এমসিএ সার্কুলার ও সেবি সার্কুলার অনুযায়ী এজিএম-এর বিজ্ঞপ্তি সহ রিমোট ই-ভোটিং / এজিএম-এ ই-ভোটিং-এর নির্দেশাবলী বৈদ্যুতিন মাধ্যমে সেই সব সদস্যদের যাদের ই-মেল আইডিতে কোম্পানীর রেজিস্ট্রার ও শেয়ার ট্রান্সফার এজেন্ট (আরটিএ) / তাদের ডিপোজিটরি পার্টিসিপেন্ট (ডিপি)-এর কাছে নথিভুক্ত আছে তাদের পাঠিয়ে দেওয়া হয়েছে।

এই মর্মে, যেসব সদস্য ই-মেল আইডি ও / বা ব্যাঙ্ক ম্যানডেট কোম্পানী / আরটিএ / ডিপোজিটরি পার্টিসিপেন্টের কাছে নথিভুক্ত / আপডেট করাননি তাদের নিম্নোক্ত পদ্ধতি দেখতে অনুরোধ করা হচ্ছে :

ডিম্যাট মাধ্যমে শেয়ারের অধিকারী সদস্যদের

ডিম্যাটেরিয়ালাইজড মাধ্যমে শেয়ারের অধিকারীদের অনুরোধ করা হচ্ছে তাদের ই-মেল আইডি ও / বা ব্যাঙ্ক ডিটেলস তাদের ডিপোজিটরি পার্টিসিপেন্টের কাছে আপডেট করতে।

ফিজিক্যাল মাধ্যমে শেয়ারের অধিকারী সদস্যদের

ফিজিক্যাল মাধ্যমে শেয়ারের অধিকারী সদস্যদের অনুরোধ করা হচ্ছে যে, তাদের অনুরোধ কোম্পানীর আরটিএ, মেসার্স সিবি ম্যানেজমেন্ট সার্ভিসেস প্রাইভেট লিমিটেড-এর ই-মেল আইডি rta@cbmsl.com-এ মেল করতে হবে ও সাবজেক্ট লাইন দিতে হবে "ই-মেল রেজিস্ট্রেশন-কেকল্পনা ইন্ডাস্ট্রিস (ইন্ডিয়া) লিমিটেড"। ই-মেলে উল্লেখ করতে হবে :

ই-মেল আইডি রেজিস্ট্রেশন করার জন্য

ফোলিও নং
শেয়ারহোল্ডারের নাম (যেমন শেয়ার সার্টিফিকেটে আছে)
শেয়ার সার্টিফিকেটের স্ক্যান করা কপি
প্যান কার্ডের স্ক্যান করা সেলফ অ্যাটেস্টেড কপি
পাসপোর্ট / আধার / ভোটার কার্ডের স্ক্যান করা সেলফ অ্যাটেস্টেড কপি

কোম্পানীজ অ্যাক্ট ২০১৩-এর সেকশন ১০৩ অনুযায়ী এজিএম বিজ্ঞপ্তি কোম্পানীর ওয়েবসাইট https://kkalpanagroup.com/investor-relations/, বোম্বে স্টকএক্সচেঞ্জের ওয়েবসাইট www.bseindia.com ও ক্যালকাটা স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট www.cse-india.com আর পরিষেবা প্রদানকারী এনএসডিএল-এর ওয়েবসাইট : https://www.evoting.nsdl.com-তে উপলব্ধ। ভিসি / ওএভিএম-এর মাধ্যমে সভায় অংশগ্রহণ করতে হবে ও কোম্পানিজ অ্যাক্ট ২০১৩ এর সেকশন ১০৩ অনুযায়ী ভিসি/ওএভিএম মাধ্যমে হওয়া উক্ত সভার অংশগ্রহণকারী সদস্যরা কোরামের জন্য বিবেচিত হবে।

বৈদ্যুতিন মাধ্যমে রিমোট ই-ভোটিং পদ্ধতিতে (এজিএম-এর আগে) এবং ই-ভোটিং পদ্ধতিতে (এজিএম চলাকালীন) ভোট দেওয়ার জন্য প্রয়োজনীয় ভোট দেওয়ার নির্দেশাবলী এজিএম-এর বিজ্ঞপ্তিতে বিস্তারিত দেওয়া আছে। সদস্য যারা রিমোট ই-ভোটিং-এর মাধ্যমে ভোট দিতে পারবেন না তারা এজিএম সভা চলাকালীন ই-ভোটিং-এর মাধ্যমে ভোট দিতে পারবেন। ই-ভোটিং-এর নির্দেশাবলী (রিমোট ও সভা চলাকালীন) এজিএম-এর বিজ্ঞপ্তিতে বিস্তারিত দেওয়া আছে।

যে ব্যক্তি শেয়ার ক্রয় করেছেন এবং এজিএম-এর বিজ্ঞপ্তি বৈদ্যুতিকভাবে পাঠানোর পর কোম্পানীর সদস্য হয়েছেন ও কাট-অফ তারিখে শেয়ার পেয়েছেন তারা ইজিএম-এর বিজ্ঞপ্তিতে উল্লিখিত নিয়মাবলী দেখে তাদের লগ-ইন ও পাসওয়ার্ড সংগ্রহ করতে পারেন বা evoting@nsdl.co.in-এ ই-মেল করতে পারেন।

এমসিএ সার্কুলার ও সেবি সার্কুলার অনুসারে উপরোক্ত সমস্ত তথ্য কোম্পানীর সকল সদস্যের সুবিধার্থে জারি করা হয়েছে।

কেকল্পনা ইন্ডাস্ট্রিজ (ইন্ডিয়া) লিমিটেড-এর পক্ষে
স্বাক্ষর
স্বাতি বনসালি
(মেম্বারশিপ নং - ACS 52755)
কোম্পানী সচিব

তারিখ : ২৩.০৮.২০২৫
স্থান : কলকাতা

ডিদেব প্লাস্টিকস ইন্ডাস্ট্রিস লিমিটেড

রেজিস্টার্ড অফিস : ২বি, প্রিটোরিয়া স্ট্রিট, কলকাতা - ৭০০০৭১
টেলিফোন : ৯১-০৩৩-২২৮২ ৩৭৪৪ / ৩৭৪৫ / ৩৬৯৯ / ৩৬৭১,
ই-মেল : kolkata@ddevgroup.in, ওয়েবসাইট : www.ddevgroup.in
CIN : L24290WB2020PLC241791

কোম্পানির ৫ম বার্ষিক সাধারণ সভা, ইলেক্ট্রনিক ভোটিং ও ডিভিডেন্ড সংক্রান্ত বিজ্ঞপ্তি

কর্পোরেট বিষয়ক মন্ত্রক ("এমসিএ") দ্বারা জারি জেনারেল সার্কুলার নম্বর ০৯/২০২৪, তাং ১৯.০৯.২০২৪ সহ সার্কুলার নং- ২০/২০২০, তাং : ০৫.০৫.২০২০ (এখানে একত্রে "এমসিএ সার্কুলারস" বলে উল্লিখিত) অনুযায়ী বার্ষিক সাধারণ সভা ("দ্য মিটিং" বা "এজিএম") ৩০.০৯.২০২৫ তারিখ পর্যন্ত সদস্যদের কোনো সাধারণ স্থানে কোনোরকম শারীরিক উপস্থিতি ছাড়া ভিডিও কনফারেন্সিং ("ভিসি") / অন্যান্য অডিও ভিস্যুয়াল মাধ্যমে ("ওএভিএম") কোম্পানীজ অ্যাক্ট ২০১৩-র ("দ্য অ্যাক্ট") শর্তাবলী মেনে আয়োজন করা হবে। এছাড়াও, সিকিউরিটিস অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়ার ("সেবি") জারি করা সেবি / এইচও/ সিএফডি//সিএফডি-পিওডি-২/পি/সিআইআর/২০২৪/১৩৩ তাং : ০৩.১০.২০২৪ সহ সেবি / এইচও/সিএফডি/সিএমডি ১/সিআইআর/পি/২০২০/৭৯ তাং : ১২.০৫.২০২০ ("এখানে একত্রে সেবি সার্কুলার হিসাবে উল্লিখিত") ও সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস) রেগুলেশনস ২০১৫ ("সেবি লিস্টিং রেগুলেশনস")-এর শর্ত অনুযায়ী অনুষ্ঠিত হবে। সেই জন্য উক্ত অ্যাক্ট, সেবি লিস্টিং রেগুলেশন, এমসিএ সার্কুলার ও সেবি সার্কুলার অনুযায়ী ৫ম এজিএম-এর বিজ্ঞপ্তিতে উল্লিখিত ব্যবসায়িক কার্যকলাপ সম্পাদনের জন্য কোম্পানীর ৫ম এজিএম ভিসি/ ওএভিএম-এর মাধ্যমে সোমবার ২২ সেপ্টেম্বর, ২০২৫ তারিখে সকাল ১১.৩০টায় (ভারতীয় সময়) অনুষ্ঠিত হবে।

এছাড়াও, রেজিস্টার অফ মেম্বার্স ও কোম্পানীর শেয়ার ট্রান্সফার বুকস মঙ্গলবার, ১৬ সেপ্টেম্বর, ২০২৫ থেকে সোমবার ২২ সেপ্টেম্বর, ২০২৫ (দুটি তারিখই অন্তর্ভুক্ত) (বুক ক্লোজারের তারিখ) পর্যন্ত বন্ধ থাকবে। এজিএম-এ অংশগ্রহণের জন্য শেয়ারহোল্ডারদের যোগ্যতা নির্ধারণ হবে কাট-অফ / রেকর্ড তারিখ ১৫ সেপ্টেম্বর, ২০২৫-এর হিসাবে।

এমসিএ সার্কুলার ও সেবি সার্কুলার অনুযায়ী ৫ম এজিএম-এর বিজ্ঞপ্তি সহ রিমোট ই-ভোটিং / এজিএম-এর ই-ভোটিং (এখানে একত্রে "ই-ভোটিং" বলে উল্লিখিত)-এর বিস্তারিত বিবরণ সহ পদ্ধতি, অডিটরের রিপোর্ট সহ আর্থিক প্রতিবেদন, বোর্ড-এ রিপোর্ট এবং অন্যান্য সংযোজনী (এখানে একত্রে "বার্ষিক প্রতিবেদন ২০২৪-২৫" বা "বার্ষিক প্রতিবেদন" বলে উল্লিখিত) সদস্যদের বৈদ্যুতিন মাধ্যমে ১৫ আগস্ট ২০২৫ তারিখে যেসকল সদস্যের ই-মেল আইডি কোম্পানী / রেজিস্ট্রার অ্যান্ড শেয়ার ট্রান্সফার এজেন্ট ("আরটিএ") বা সংশ্লিষ্ট ডিপোজিটরি পার্টিসিপেন্টের কাছে (ডিপি) নথিভুক্ত আছে, তাঁদের পাঠিয়ে দেওয়া হবে। ভিসি / ওএভিএম-এর মাধ্যমে এজিএম সম্পন্ন, বার্ষিক বিবরণীর বৈদ্যুতিন প্রেরণ ও ই-ভোটিং-এর জন্য কোম্পানী ন্যাশনাল সিকিওরিটিস ডিপোজিটরি লিমিটেড (এনএসডিএল)-এর থেকে পরিষেবা নিয়েছে।

এই মর্মে যেসকল সদস্য ডিম্যাট এর মাধ্যমে শেয়ারের অধিকারী আছেন যদি তাঁদের যোগাযোগের জন্য ই-মেল ও / অথবা সরাসরি লভ্যাংশ পেতে ব্যাঙ্ক অ্যাকাউন্টের বিবরণ কোম্পানী / আরটিএ / ডিপি-র কাছে নিবন্ধীত না থাকে তবে তাঁদের অনুরোধ করা হচ্ছে সংশ্লিষ্ট ডিপি-র কাছে ই-মেল আইডি ও / অথবা ব্যাঙ্কের বিবরণ আপডেট করে নেওয়ার জন্য। আরো জানানো হচ্ছে যে, কোনো সদস্য ফিজিক্যাল মাধ্যমে শেয়ারের অধিকারী না থাকায় ই-মেল আইডি অথবা / ও ব্যাঙ্কের বিবরণ কোম্পানী / আরটিএ-এর কাছে সেক্ষেত্রে আপডেট করার কোনো বিকল্প নেই।

এজিএম-এর বিজ্ঞপ্তি ও বার্ষিক প্রতিবেদন কোম্পানীর ওয়েবসাইট : https://www.ddevgroup.in/corporate-announcement এবং কোম্পানীর শেয়ার যে স্টক এক্সচেঞ্জে নথিভুক্ত অর্থাৎ বিএসই লিমিটেড-এর ওয়েবসাইট : www.bseindia.com ও ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড-এর ওয়েবসাইট : www.nseindia.com এবং পরিষেবা প্রদানকারী এনএসডিএল-এর ওয়েবসাইট : www.evoting.nsdl.com-তে উপলব্ধ। সদস্যরা ৫ম এজিএম-এ কেবলমাত্র ভিসি / ওএভিএম-এর মাধ্যমেই অংশগ্রহণ করতে পারবেন এবং এজিএম-এ অংশগ্রহণকরার পদ্ধতি ৫ম এজিএম-এর বিজ্ঞপ্তিতে দেওয়া আছে। কোম্পানীজ অ্যাক্ট ২০১৩-র সেকশন ১০৩ অনুযায়ী ভিসি / ওএভিএম মাধ্যমে এজিএম-এ অংশগ্রহণ করা সদস্যদের কোরামের জন্য বিবেচনা করা হবে।

৫ম এজিএম-এর বিজ্ঞপ্তিতে উল্লিখিত সকল রেজোলিউশনের বিষয়ে ভোটদানের জন্য কোম্পানী তাঁর সদস্যদের রিমোট ই-ভোটিং-এর সুবিধা (এজিএম-এর আগে) এবং এজিএম-এ ই-ভোটিং-এর সুবিধা দিচ্ছে। রিমোট ই-ভোটিং-এর মাধ্যমে যে সদস্য ভোটদান করতে পারবেন না তিনি এজিএম-এ ই-ভোটিং-এর জন্য বিবেচিত হবেন। ই-ভোটিং-এর বিবরণ ৫ম এজিএম-এর বিজ্ঞপ্তিতে পাওয়া যাবে।

কোনো সদস্য যিনি কাট-অফ তারিখের হিসাবে বার্ষিক প্রতিবেদন বৈদ্যুতিন মাধ্যমে পাঠানোর পর শেয়ার কিনেছেন ও কোম্পানীর সদস্য হয়েছেন, তিনি evoting@nsdl.com-তে অনুরোধ পাঠিয়ে অথবা ৫ম এজিএম-এর বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদ্ধতি অনুসরণ করে লগ-ইন আইডি ও পাসওয়ার্ড পেতে পারেন।

সদস্যদের আরো জানানো হচ্ছে যে, কোম্পানীর পরিচালনা পর্ষদ ১৫ মে ২০২৫ তারিখে অনুষ্ঠিত সভায় ১৭৫% লভ্যাংশের সুপারিশ করেছিল (অর্থাৎ ১.৭৫ টাকা প্রতি সম্পূর্ণরূপে পরিশোধিত ইকুইটি শেয়ার প্রতিটি ১টাকা করে), যা সদস্যদের অনুমোদন সাপেক্ষে এজিএম-এর তারিখ থেকে ৩০ দিনের মধ্যে সেই সদস্যদের প্রদান করা হবে যাদের নাম কাট-অফ তারিখ ১৫.০৯.২০২৫-এর হিসাবে রেজিস্ট্রার অফ বেনিফিসিয়াল ওনার্স / মেম্বার্স-এর তালিকায় উপস্থিত রয়েছে ও যাঁরা বিভিন্ন অনলাইন পেমেন্ট / ট্রান্সফার মোডের মাধ্যমে তাঁদের ব্যাঙ্ক অ্যাকাউন্টের বিবরণ আপডেট করেছেন। সদস্য যাঁরা ব্যাঙ্ক অ্যাকাউন্টের বিবরণ আপডেট করেননি তাঁদের লভ্যাংশ ওয়ারেন্ট / ড্রাফট / ব্যাঙ্কার্স চেক তাঁদের নিবন্ধীত অ্যাকাউন্টে পাঠানো হবে। যাইহোক লভ্যাংশ প্রাপ্তিতে বিলম্ব এড়াতে সদস্যদের তাঁদের ডিপি-র সঙ্গে ব্যাঙ্ক অ্যাকাউন্ট আপডেট করার জন্য অনুরোধ করা হচ্ছে।

ফিনান্স অ্যাক্ট, ২০২০-র আওতায় ইনকাম ট্যাক্স অ্যাক্ট ১৯৬১ (আইটি অ্যাক্ট)-র অধীনে পরিবর্তনের পরিপ্রেক্ষিতে কোম্পানীর দ্বারা প্রদত্ত বা বিতরণকৃত লভ্যাংশ শেয়ারহোল্ডারদের হাতে করযোগ্য হবে। টিডিএস কাটার পর আপনার কোম্পানী সেই অনুযায়ী লভ্যাংশের অর্থ প্রদান করবে, যদি এজিএম-এ ঘোষণা করা হয়ে থাকে। ডিম্যাটেরিয়ালাইজড মোডে শেয়ারের অধিকারীরা তাঁদের ঠিকানা, প্যান, বিভাগ এবং অন্যান্য বিবরণ যদি থেকে থাকে, আইটি অ্যাক্ট অনুযায়ী সেটি ডিপির সাথে আপডেট করার জন্য অনুরোধ করা হচ্ছে। যেহেতু কোম্পানীর কোনো ফিজিক্যাল শেয়ারহোল্ডিংয়ের কোনো বিকল্প নেই তাই কোম্পানী / আরটিএ-র সঙ্গে উল্লিখিত বিবরণ আপডেট করার কোনো বিকল্প উপলব্ধ নেই। প্রয়োজনীয় টিডিএস না কাটা / কম কাটানোর জন্য নথি / ঘোষণা ১৬.০৯.২০২৫ তারিখের আগে জমা দিতে হবে। অসম্পূর্ণ / বিলম্বিত সময়ে জমা দিলে তা বিবেচনা করা হবে না।

উপরোক্ত সমস্ত তথ্য কোম্পানীর সকল শেয়ারহোল্ডারদের সুবিধার্থে এমসিএ ও সেবি সার্কুলার মেনে করা হয়েছে এবং এটি বিএসই লিমিটেড-এর ওয়েবসাইট (www.bseindia.com), ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড-এর ওয়েবসাইট : www.nseindia.com ও কোম্পানীর ওয়েবসাইট (www.ddevgroup.in)-তে উপলব্ধ।

ডিদেব প্লাস্টিকস ইন্ডাস্ট্রিস লিমিটেড-এর পক্ষে
স্বাক্ষর
তানভি গোয়েঙ্কা
(Membership No. ACS31176)
কোম্পানী সচিব

তারিখ : ২৩.০৮.২০২৫
স্থান : কলকাতা